

খসড়া

ডিঅক্সিরাইবোনিক্লিক এসিড (ডিএনএ)বিধিমালা, ২০১৭

১। সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকারিতা।- (১) এই বিধিমালা ডিঅক্সিরাইবোনিক্লিক এসিড (ডিএনএ) বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) “অধিদপ্তর” অর্থ ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর;

(খ) “আইন” অর্থ ডিঅক্সিরাইবোনিক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ (২০১৪ সালের ১০ নং আইন);

(গ) “তফসিল” অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(ঘ) “ফরম” অর্থ এই বিধিমালার কোন ফরম;

(ঙ) “মন্ত্রণালয়” অর্থ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

(চ) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর; এবং

(ছ) অন্যান্য সংজ্ঞাসমূহ ডিঅক্সিরাইবোনিক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ অনুযায়ী হইবে।

৩। ডিএনএ নমুনা সংগ্রহ।- (১) অপরাধ সংঘটনের সহিত জড়িত কোন অভিযুক্ত/সন্দেহভাজন ব্যক্তির অপরাধ সনাক্তকরণ বা কোন ব্যক্তির পরিচিতি নিশ্চিতকরণে তার রক্ত সম্পর্কিত কোন আত্মীয়কে তাহার ডিএনএ নমুনা প্রদানের জন্য আদালতের নির্দেশ বা উপযুক্ত কর্তৃপক্ষ বা তদন্তকারী কর্মকর্তা অনুরোধ করিতে পারিবেন।

(২) অপরাধ সংঘটনের সহিত সম্পর্কিত কোন স্থান হইতে প্রাপ্ত কোন বস্তুতে দেহগত পদার্থ থাকিলে সেখান হইতেও ডিএনএ নমুনা সংগ্রহ করা যাইবে।

৪। ডিএনএ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহের নিয়মাবলী।- ডিএনএ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহের ক্ষেত্রে নিম্ন বর্ণিত নিয়মাবলী আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবেঃ

(ক) পিতৃত্ব/মাতৃত্ব পরীক্ষার জন্য প্রয়োজনীয় নমুনা:

১. পিতৃত্ব/মাতৃত্ব সম্পর্ক নির্ণয়ের জন্য মা, সন্তান ও অভিযুক্ত বাবার রক্তের নমুনা আবশ্যিক হইবে;

২. নমুনা প্রদানকারীগণকে যথাসম্ভব পুলিশ হেফাজতে ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী /ডিএনএ ল্যাবরেটরীতে পাঠাইয়া নমুনা সংগ্রহ করিতে হইবে;

৩. যদি কোন ক্ষেত্রে রক্তের নমুনা সংগ্রহ করা অসম্ভব অথবা অসফল হয় তাহা হইলে গাল/মুখ গহবরের কোষ অথবা মৃত ব্যক্তির দাঁত/চুল/হাড় সংগ্রহ করা যাইতে পারে;

৪. যদি গর্ভাবস্থায় গর্ভস্থ শিশুর (ফিটাস) পিতৃত্ব নির্ণয় করিতে হয় তাহা হইলে গর্ভস্থ শিশুর এমনিওটিক ফ্লুইড অথবা করিওনিক ভিলাস এর নমুনা প্রয়োজন (গর্ভাবস্থায় গর্ভস্থ শিশুর নমুনা সংগ্রহের পদ্ধতি অনুসারে) হইবে;
৫. যদি গর্ভস্থ শিশুটির (ফিটাস) মৃত অবস্থায় গর্ভপাত হয় তাহা হইলে ফিটাস এর পেশী/মাংসের নমুনার সহিত মাতা ও অভিযুক্ত পিতার রক্তের নমুনা (টিস্যু সংগ্রহের পদ্ধতি অনুসারে) প্রয়োজন হইবে।

(খ) ধর্ষণ পরীক্ষার জন্য প্রয়োজনীয় নমুনা:

১. ধর্ষণ মামলায় ধর্ষক সনাক্তকরণে ফরেনসিক আলামত (যেমন ঘটনার সময় নির্যাতিতা বা ভিকটিম এর পরিহিত কাপড়/অন্তর্বাস/বিছানার চাদর, অন্তঃযোনীরস এর সহিত নির্যাতিতা/ধর্ষিতা/ ভিকটিম ও অভিযুক্ত/ধর্ষকের রক্তের নমুনা প্রয়োজন হইবে;
২. দুর্ঘটনা ঘটার পর যত দ্রুত সম্ভব মেডিক্যাল পরীক্ষা করা উচিত। মেডিক্যাল পরীক্ষার পূর্বে ভিকটিমের কোন প্রকার শরীর ধোয়া বা গোসল করা উচিত নয়;
৩. অভিযুক্ত ধর্ষক যদি পুলিশি হেফাজতে না থাকে তাহা হইলে থ্রেফতারের সাথে সাথে তাহাকে রক্তের নমুনা সংগ্রহের জন্য ল্যাবরেটরীতে পাঠাইতে হইবে;
৪. ঘটনার ৭২ ঘন্টার মধ্যে অন্তঃযোনীরস সংগ্রহ করিতে হইবে। যদি মেডিক্যাল পরীক্ষা করিতে ৭২ ঘন্টা অতিক্রান্ত হইয়া যায়, তাহা হইলে ফরেনসিক আলামত যেমন- ধর্ষিতার পরিহিত কাপড়, অন্তর্বাস, বিছানার চাদর ইত্যাদি ল্যাবরেটরীতে পাঠাইতে হইবে। সেই সাথে ভিকটিমকে রক্তের নমুনা সংগ্রহের জন্য ল্যাবরেটরীতে পাঠাইতে হইবে;
৫. আলামত কাগজের ব্যাগে সিলগালা করিয়া পাঠাইতে হইবে। কোন অবস্থাতেই পলিথিন বা প্লাস্টিকের ব্যাগ ব্যবহার করা যাইবে না।

(গ) খুনের ক্ষেত্রে প্রয়োজনীয় নমুনা:

১. সন্দেহভাজন খুনির সহিত খুনের সম্পর্ক স্থাপনে ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ এর ধারা ২(৬) এ উল্লিখিত অপরাধ সংঘটন স্থলে খুনি কর্তৃক ফেলিয়া যাওয়া আলামত পাঠাইতে হইবে;
২. অভিযুক্ত যদি পুলিশি হেফাজতে না থাকে তাহা হইলে থ্রেফতারের সাথে সাথে তাহাকে রক্তের নমুনা সংগ্রহের জন্য ল্যাবরেটরীতে পাঠাইতে হইবে;
৩. নমুনা প্রদানকারীগণকে যথাসম্ভব পুলিশি হেফাজতে ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী /ডিএনএ ল্যাবরেটরীতে পাঠাইয়া নমুনা সংগ্রহ করিতে হইবে।

(ঘ) মৃতদেহ সনাক্তকরণের জন্য প্রয়োজনীয় নমুনা:

মৃত ব্যক্তি সনাক্তকরণে মৃত ব্যক্তির নিকট আত্মীয় যেমন- মাতা ও পিতা অথবা স্বামী বা স্ত্রীর সহিত সন্তানের রক্ত এবং মৃত ব্যক্তির জৈব নমুনা যেমন: দাঁত, চুল, হাঁড় এবং মৃত ব্যক্তির ব্যবহৃত জিনিস যেমন কাপড়-চোপড়, টুথব্রাশ ইত্যাদি আলামত হিসাবে ব্যবহার করা যাইতে পারে।

- ৫। জৈব নমুনা সংগ্রহের প্রণালী।- আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি Standard Operating Procedure এর মাধ্যমে জৈব নমুনা সংগ্রহ করিতে হইবে।
- ৬। দূষণ এড়াইবার নির্দেশনা।-ডিএনএ বিশ্লেষণের ক্ষেত্রে আলামত/প্রমাণ সংগ্রহের সময় দূষণ একটি প্রধান বিচার্য বিষয় হইয়া দাঁড়ায়। দূষণ পরিহারের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত Standard Operating Procedure মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
- ৭। আলামত সংরক্ষণ।- বেশিরভাগ জৈব আলামত আন্তর্জাতিকভাবে স্বীকৃত Standard Operating Procedure অনুসারে সংরক্ষণ করিতে হইবে।
- ৮। আলামত বা নমুনার পরিবহণ।- (১) প্রত্যেক নমুনার ক্ষেত্রে ল্যাবরেটরী কর্তৃক সরবরাহকৃত বারকোড সম্বলিত খাম বা স্টিকার ব্যবহার করিতে হইবে।
 - (২) জৈব দ্রব্যসমৃদ্ধ সকল নমুনা পরিবহণের জন্য দ্বিতীয় আরেকটি প্যাকেটের মাধ্যমে পাঠাইতে হইবে।
 - (৩) নমুনাগুলি যে কোন কার্যদিবসে পাঠাইতে হইবে। সাপ্তাহিক বা সরকারী ছুটির দিনে পাঠানো যাইবে না।
 - (৪) সকল নমুনা সঠিকভাবে লেবেল লাগাইয়া আবদ্ধ করিতে হইবে। আবশ্যিকভাবে নিরাপত্তা সিল ব্যবহার করিতে হইবে।
 - (৫) সকল নমুনা সঠিক পদ্ধতি অনুসরণ করিয়া তৈরী করিতে হইবে।
 - (৬) সকল নমুনা একটি বিশেষ নিরাপত্তা ব্যবস্থার মাধ্যমে পাঠাইতে হইবে যাহাতে উহা পরিবর্তন বা সংমিশ্রণ করা না যায়।
- ৯। চেইন অব কাস্টডি।- (১) সকল মোড়কে পুলিশ/ আদালতের মামলার নম্বর, আইটেম নম্বর এবং তারিখ উল্লেখ থাকিতে হইবে।
 - (২) মোড়কের নিরাপত্তা সিলে স্বাক্ষর থাকিতে হইবে।
 - (৩) সকল নমুনা উপযুক্ত কর্তৃপক্ষ/পুলিশের মাধ্যমে পাঠাইতে হইবে।
- ১০। ডিএনএ নমুনা সংগ্রহ ও সংরক্ষণে গুণগতমান নিশ্চিতকরণ।- ডিএনএ নমুনা সংগ্রহ ও সংরক্ষণে গুণগতমান নিশ্চিত করার ক্ষেত্রে প্রত্যেক ল্যাবরেটরী এই আইনের ধারা ১০ ও এই বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিবে।

১১। নমুনাসমূহ স্ক্রিনিং।- প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরী ডিএনএ নমুনাসমূহের মধ্যে রক্ত, মুখের লালা, বীর্য ও দেহগত অন্যান্য পদার্থের উপস্থিতি নির্ণয় করিবার জন্য নমুনাসমূহ স্ক্রিনিং এর ব্যবস্থা করিবে। স্ক্রিনিং করিবার জন্য যে সকল রাসায়নিক পদার্থ ব্যবহৃত হইবে তাহা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অথবা নিজস্ব ল্যাবরেটরী কর্তৃক উদ্ভাবিত হইতে পারে।

১২। ডিএনএ এক্সট্রাকশন।- প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরী ডিএনএ নমুনা (যে কোন দেহগত পদার্থ) হইতে ডিএনএ এক্সট্রাকশন করিবার জন্য যে সকল রাসায়নিক পদার্থ ব্যবহৃত হইবে তাহা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অথবা নিজস্ব ল্যাবরেটরী কর্তৃক উদ্ভাবিত হতে পারে।

১৩। ডিএনএ পরিমাণ নির্ধারণ।- প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীতে ডিএনএ পরিমাণ নির্ধারণ করিবার জন্য প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্র থাকিতে হইবে।

১৪। পলিমারেজ চেইন বিক্রিয়া (পিসিআর)।- প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীতে আইনের ধারা ২(৭) এ উল্লিখিত জেনেটিক মার্কার এর জেনোটাইপ নির্ণয় করিবার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত পিসিআর কিট ব্যবহৃত হইবে। পিসিআর এর মাধ্যমে যে সকল মার্কার ব্যবহৃত হইবে তাহা হইলঃ

ক. অটোজোমাল ডিএনএ মার্কার;

খ. ওয়াই-ক্রোমজোমাল ডিএনএ মার্কার;

গ. এক্স-ক্রোমজোমাল ডিএনএ মার্কার;

ঘ. মাইটোকন্ড্রিয়াল ডিএনএ মার্কার; এবং

ঙ. সিঙ্গেল নিউক্লিওটাইড পলিমর্ফিজম (এসএনপি) মার্কার।

১৫। ডিএনএ নমুনা বিশ্লেষণ।- প্রত্যেক ডিএনএ ল্যাবরেটরীতে ডিএনএ নমুনা চূড়ান্ত বিশ্লেষণের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত বৈজ্ঞানিক যন্ত্র ব্যবহৃত হইবে। প্রতিটি ডিএনএ ল্যাবরেটরী প্রয়োজনীয় কারিগরী মান নিশ্চিত করিবে।

১৬। ডিএনএ নমুনা প্রেরণ।- (১) সকল নমুনার সহিত তফসিলে উল্লিখিত পূরণকৃত নির্ধারিত “অগ্রায়ন পত্র (ফরম-১)” এবং প্রত্যেক ব্যক্তির “সম্মতি ফরম (ফরম-২)” এবং ধর্ষণ মামলার ক্ষেত্রে ডাক্তারী পরীক্ষার ফরম (ফরম-৪) যথাযথভাবে পূরণ করিতে হইবে এবং ম্যাজিস্ট্রেট/মেডিক্যাল অফিসার/ আইনজীবী/ তদন্তকারী কর্মকর্তার উপস্থিতিতে নমুনা প্রদানকারীকে স্বাক্ষর করিতে হইবে অতঃপর উহা বিশ্লেষণের জন্য ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে পাঠাইতে হইবে।

(২) উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি ব্যতিরেকে কোন নমুনা গ্রহণযোগ্য হইবে না।

১৭। ডিএনএ নমুনা সংগ্রহে ক্ষেত্রে ব্যক্তিগত উপস্থিতি।- (১) ডিএনএ নমুনা সংগ্রহ ও সনাক্তকরণের ক্ষেত্রে নমুনা সংগ্রহকারী সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিবেন। যাহার/যাহাদের নমুনা সংগ্রহ করা হইবে তাহার/তাহাদেরকে অবশ্যই স্ক্রিনিং/প্রোফাইলিং ল্যাবরেটরীতে উপস্থিত করিতে হইবে।

(২) যেই ব্যক্তির নমুনা সংগ্রহ করা হইতেছে তাহার একটি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি নমুনার সহিত সংরক্ষণ করিতে হইবে এবং ছবির অপর পৃষ্ঠায় সংশ্লিষ্ট ব্যক্তির বাম হাতের বৃদ্ধ আঙ্গুলের ছাপ এবং নাম লিখিয়া রাখিতে হইবে। ছবিটি নমুনার সহিত সংরক্ষণ করিতে হইবে।

১৮। নমুনা প্রদানে অসম্মতি।- কোন ব্যক্তি ডিএনএ নমুনা প্রদানে অসম্মতি জ্ঞাপন করিলে উক্তরূপ অসম্মতি প্রদানের কারণ উল্লেখপূর্বক তফসিলে উল্লিখিত ফরম-৩ যথাযথভাবে পূরণ করিয়া দাখিল করিতে হইবে।

১৯। নমুনা সংগ্রহ ও সংরক্ষণে সতর্কতা।- (১) ডিএনএ নমুনা অবশ্যই কোন যোগ্যতা সম্পন্ন ব্যক্তি বা নির্ধারিত ব্যক্তি কর্তৃক সংগ্রহ করিতে হইবে। বিশ্লেষণ সূচুভাবে হইতে পারে এমন বিষয়টি বিবেচনায় রাখিয়া সতর্কতার সহিত ডিএনএ নমুনা সংগ্রহ করিতে হইবে।

(২) নমুনা সংরক্ষণের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে। নমুনার গুণাগুণ যাহাতে নষ্ট না হয় সেই বিষয়টি অবশ্যই খেয়াল রাখিতে হইবে।

(৩) নমুনা সংরক্ষণের ক্ষেত্রে গোপনীয়তা অবলম্বন করিতে হইবে। বহিরাগত বা কোন স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তি যাহাতে উহা পরিবর্তন/বিনষ্ট করিতে না পারে তাহা বিশেষভাবে খেয়াল রাখিতে হইবে।

২০। নমুনা প্রেরণ ও বিশ্লেষণে গোপনীয়তা।- (১) ডিএনএ নমুনা প্রেরণ কোন অবস্থাতেই নমুনার সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট কোন পক্ষের বা অন্য কোন স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তির মাধ্যমে বা তাহার/তাহাদের কোনভাবেই উহা অবহিত বা এ সম্পর্কিত তথ্য প্রদান করা যাইবে না।

(২) নমুনা প্রেরণের সময় বহিস্থঃ মোড়কে অবশ্যই সাংকেতিক নম্বর ব্যবহার করিতে হইবে। অভ্যন্তরীণ মোড়কে নমুনা প্রদানকারী ব্যক্তির নাম/ঠিকানা বা পরিচিতিমূলক কোন তথ্য ব্যবহার করা যাইতে পারে।

(৩) ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে নমুনা সংগ্রহ এবং বিশ্লেষণের সময় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে যাহাতে নমুনার গুণাগুণ বিনষ্ট না হয়।

(৪) নমুনা বিশ্লেষণের সময় এবং উহার ফলাফল সংরক্ষণ ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণের সময় সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখিতে হইবে। নমুনা বিশ্লেষণের ফলাফল নমুনা প্রেরণকারী ব্যক্তি/কর্তৃপক্ষ ব্যতীত কাহাকেও মৌখিক বা লিখিত আকারে অবহিত বা প্রদান করা যাইবে না।

২১। স্ক্রিনিং ও প্রোফাইলিং ল্যাবরেটরীতে সংরক্ষিত প্রবেশাধিকার।- (১) বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরীসমূহ এবং ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে প্রবেশাধিকার সংরক্ষিত থাকিবে। উক্ত ল্যাবরেটরীসমূহের প্রবেশদ্বারে “প্রবেশাধিকার সংরক্ষিত” সাইনবোর্ড/প্লাস্টিক কার্ড ঝুলাইয়া রাখিতে হইবে।

(২) উক্ত ল্যাবরেটরীসমূহের বাহিরে, প্রবেশদ্বারে এবং ভিতরে পর্যবেক্ষণের জন্য সার্বক্ষণিক চলমান সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) দাপ্তরিকভাবে সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তিকে ল্যাবরেটরীসমূহে প্রবেশের অনুমতি প্রদান করা যাইবে না। সংশ্লিষ্ট নয় এমন দাপ্তরিক ব্যক্তিকেও ল্যাবরেটরীসমূহে প্রবেশের ব্যাপারে সতর্কতা অবলম্বন করিতে হইবে।

(৪) ল্যাবরেটরীসমূহে প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণের জন্য দুইটি রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে। একটি রেজিস্টার ল্যাবরেটরীসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য এবং অন্যটি প্রয়োজনে আগত ব্যক্তিবর্গের জন্য সংরক্ষণ করিতে হইবে। ল্যাবরেটরীসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য সংরক্ষিত রেজিস্টারে নাম, পদবী, আগমনের সময়, প্রস্থানের সময় তারিখ ভিত্তিক উল্লেখ রাখিতে হইবে। ল্যাবরেটরীতে একাধিকবার আগমন ও প্রস্থান করিলে তাহাও লিপিবদ্ধ করিতে হইবে। বহিরাগত ব্যক্তিবর্গের জন্য সংরক্ষিত রেজিস্টারে নাম, পিতার নাম, ঠিকানা, মোবাইল নং, আগমনের সময়, প্রস্থানের সময়, আগমনের কারণ ইত্যাদি তারিখভিত্তিক উল্লেখ রাখিতে হইবে। সংশ্লিষ্ট ল্যাবরেটরীসমূহের প্রধানগণ প্রতিদিন উক্ত রেজিস্টারসমূহ যাচাই করিবেন এবং উক্তরূপ যাচাইয়ের বিষয়টি সংশ্লিষ্ট রেজিস্টারে উল্লেখ রাখিতে হইবে। অনাকাঙ্ক্ষিত ব্যক্তিবর্গের প্রবেশ নিয়ন্ত্রণের জন্য ল্যাবরেটরীসমূহের প্রধানগণ বিশেষভাবে সতর্কতা অবলম্বন করিবেন।

২২। ডিএনএ ডাটাবেইজ সংরক্ষণ।- (১) প্রতিটি বিভাগীয় স্কিনিং ল্যাবরেটরীতে তথ্য সংগৃহীত নমুনাসমূহের ডাটাবেইজ ডিএনএ বিশ্লেষণের পূর্ববর্তী সময়ে ও পরবর্তীতে সুষ্ঠুভাবে সংরক্ষণ করিতে হইবে।

(২) ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে প্রতিটি বিভাগীয় স্কিনিং ল্যাবরেটরী হইতে ডিএনএ নমুনা বা তথ্য সরাসরি সংগৃহীত ডিএনএ নমুনাসমূহের তথ্য যথাযথ প্রক্রিয়ায় সংরক্ষণ করিতে হইবে। বিশ্লেষণ পূর্ববর্তী এবং পরবর্তী তথ্যসমূহ পৃথকভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

২৩। ডাটাবেইজে সংরক্ষিত প্রবেশাধিকার।- (১) বিভাগীয় স্কিনিং ল্যাবরেটরী বা ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে সংরক্ষিত তথ্যসমূহে ল্যাবরেটরীতে নমুনা সংগ্রহ ও বিশ্লেষণের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কাহারো প্রবেশাধিকার থাকিবে না।

(২) আদালতের আদেশে বা আইন-শৃঙ্খলা বাহিনীর অনুরোধে শুধু সুনির্দিষ্ট ব্যক্তির (আদেশ/অনুরোধ পত্রে উল্লিখিত) তথ্য সরবরাহ করা যাইবে।

২৪। তথ্যের গোপনীয়তা ও সংরক্ষণের বিকল্প ব্যবস্থা।- (১) ডিএনএ নমুনা বা ডিএনএ বিশ্লেষণের ফলাফল সম্পর্কিত তথ্যসমূহের সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করিতে হইবে। শুধু নমুনা সংগ্রহের সাথে সরাসরি জড়িত ব্যক্তিবর্গের নমুনা সম্পর্কিত তথ্যসমূহ এবং বিশ্লেষণের সাথে সরাসরি জড়িত ব্যক্তিবর্গের বিশ্লেষণের সহিত সম্পর্কিত তথ্যসমূহে প্রবেশাধিকার থাকিবে।

(২) ডাটাবেইজ অত্যন্ত সুরক্ষিত অবস্থায় রাখিতে হইবে। তথ্যসমূহ সংরক্ষণের ক্ষেত্রে বিকল্প পস্থা/উৎসের ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে কোন একটি পস্থা/উৎসে সমস্যা/বিপর্যয় দেখা দিলেও বিকল্প পস্থা/উৎস দ্বারা উহা পুনঃনির্মাণ করিয়া যথোপযুক্ত উপায়ে তথ্য ভান্ডার অক্ষত অবস্থায় রাখা যায়।

(৩) তথ্যের গোপনীয়তা ও তাহার সুসংরক্ষণের বিষয়ে নমুনা সম্পর্কিত তথ্যসমূহ এবং বিশ্লেষণের সাথে সরাসরি সম্পর্কিত ব্যক্তিবর্গ প্রাথমিকভাবে এবং ডাটাবেইজ উইং এর প্রধান সার্বিকভাবে দায়ী থাকিবেন।

২৫। গুণগত মান নিশ্চিতকরণ।- (১) ডিএনএ কার্যক্রমের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ডিএনএ নমুনা সংগ্রহ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণ নিশ্চিত করিতে হইবে।

(২) ডিএনএ নমুনা সংগ্রহ, বিশ্লেষণ ও তথ্য সংরক্ষণের নিমিত্ত ব্যবহৃত যন্ত্রপাতি, রিএজেন্ট ও অন্যান্য সরঞ্জামাদি সুষ্ঠুভাবে সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিতে হইবে।

(৩) গুণগত মানের বিষয়ে কোনরূপ প্রশ্নের উদ্বেক করিতে পারে এইরূপ বিষয়ে ল্যাবরেটরীতে কর্মরত সকল কর্মকর্তা সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করিবেন।

২৬। উপদেষ্টা পরিষদের সভার কোরাম, ইত্যাদি।- (১) উপদেষ্টা পরিষদের সভা ঢাকাস্থ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে অথবা চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থানে অনুষ্ঠিত হইবে।

(২) এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হইবে।

(৩) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর উপদেষ্টা পরিষদের সাচিবিক দায়িত্ব পালন করিবে।

(৪) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক উপদেষ্টা পরিষদের সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন।

২৭। কারিগরি কমিটি।- (১) ডিএনএ ল্যাবরেটরীর গুণগত মান নিশ্চিত করিবার লক্ষ্যে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা একটি ডিএনএ ল্যাবরেটরী কারিগরি কমিটি গঠন করিবে।

(২) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উক্ত কারিগরি কমিটি গঠিত হইবে, যথা:-

(ক) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর মহাপরিচালক, যিনি কমিটির সভাপতি হইবেন;

(খ) ঢাকা মেডিক্যাল কলেজের ফরেনসিক মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান বা উক্ত বিভাগের বিভাগীয় প্রধান কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন অধ্যাপক;

(গ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মলিকিউলার বায়োলজি বিভাগের চেয়ারম্যান অথবা উক্ত বিভাগের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন অধ্যাপক;

(ঘ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং ও বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান বা উক্ত বিভাগের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত বিভাগের একজন অধ্যাপক;

(ঙ) ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি এর মহাপরিচালক অথবা মহাপরিচালক কর্তৃক মনোনীত উক্ত ইন্সটিটিউট এর একজন পরিচালক;

(চ) ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, যিনি কমিটির সদস্য-সচিব হইবেন; এবং

(ছ) সরকার কর্তৃক মনোনীত ডিএনএ সম্পর্কিত বিষয়ে পাণ্ডিত্যের অধিকারী ২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তি।

(৩) উপবিধি (২) এর দফা (ছ) এর অধীন মনোনীত সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত মেয়াদে বহাল থাকিবেন।

২৮। কারিগরি কমিটির সভা।- কারিগরি কমিটির সভা বৎসরে কমপক্ষে ২ (দুই) বার অনুষ্ঠিত হইবে।

- ২৯। দায়িত্বে অবহেলা।- আইন বা এই বিধির বিধান অনুযায়ী কোন ব্যক্তি ডিএনএ নমুনা সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ, তথ্য সংরক্ষণ বা সম্পর্কিত কোন বিষয়ে যথাযথভাবে অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে কর্তব্য কর্মে অবহেলা বা অসদাচরণের দায়ে তাহার বিরুদ্ধে আইনানুগ, শৃঙ্খলামূলক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।
- ৩০। ফি নির্ধারণ।- সরকার, কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে ডিএনএ বিশ্লেষণের ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ করিবে।
- ৩১। বৈদেশিক সহযোগিতা ও চুক্তি।- (১) ডিএনএ বিশ্লেষণের গুণগত মান উন্নয়ন এবং পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় সাধনের জন্য কোন আন্তর্জাতিক সংস্থা বা আন্তর্জাতিক আইন প্রয়োগকারী সংস্থা বা কোন রাষ্ট্রের সহিত ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক সরাসরি যোগাযোগ করা যাইবে।
- (২) উক্তরূপ কোন সংস্থা বা রাষ্ট্রের সহিত চুক্তি সম্পাদনের ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।
- ৩২। প্রচারণা ও প্রশিক্ষণ।- বিচারক, পুলিশ, আইনজীবীসহ সরকারি ও বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের এবং স্কুল/কলেজের শিক্ষার্থীদের ডিএনএ কার্যক্রমের বিষয়ে প্রশিক্ষণ প্রদান/সচেতনতা সৃষ্টির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ডিএনএ কার্যক্রমের বিষয়ে জনগণকে সচেতন করিবার লক্ষ্যে যথাযথভাবে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। ল্যাবরেটরীর মানবসম্পদ উন্নয়নের জন্য দেশে/বিদেশে ট্রেনিং/সেমিনার/সিম্পোজিয়ামে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকিতে হইবে।
- ৩৩। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।- (১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি পাঠ প্রকাশ করিবে।
- (২) বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল

ফরম-১

ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী (NFDPL)
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অগ্রায়ন পত্র

(যখন কোন বায়োলজিক্যাল বস্তুর ডিএনএ বিশ্লেষণ প্রয়োজন হয় তখন এই ফরমের এক কপি পূরণ করিয়া নমুনা সহ পাঠাইতে হইবে)

মামলার বর্ণনা

মামলা নংঃ.....	কোন আইনের মামলাঃ.....
থানাঃ..... ..	আইনের ধারাঃ.....
জেলাঃ..... ..	আদালতঃ..... ..

অপরাধের বর্ণনা

(প্রয়োজনবোধে অপরাধের প্রকৃতি, ইতিহাস ও সংশ্লিষ্ট অন্যান্য তথ্য সম্বলিত পৃথক কাগজ সংযুক্ত করা যাইতে পারে)

--

ডিএনএ বিশ্লেষণের জন্য প্রেরিত প্রদর্শনী ও সংরক্ষিত বিষয়সমূহের তালিকা
(প্রয়োজনবোধে পৃথক কাগজ সংযুক্ত করা যাইতে পারে)

ডিএনএ বিশ্লেষণ প্রয়োজন..... (পিতৃত্ব নিরূপন/মাতৃত্ব নির্ধারণ/পরিচয় সনাক্তকরণ/অন্যান্য)
--

অনুসন্ধানকারী কর্মকর্তার স্বাক্ষরঃ
নাম ও পদবী (তারিখ ও সীল মোহরসহ)

ক্ষমতা অর্পণ সনদ

এতদ্বারা বিভাগীয় প্রধান, ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী (এনএফডিপিএল), ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরকে মামলা নং..... থানা/আদালত..... কর্তৃক প্রেরিত প্রদর্শন/বস্তু/নমুনা পরিপূর্ণ বা আংশিক ব্যবহার করিয়া ডিএনএ বিশ্লেষণের জন্য ক্ষমতা অর্পণ করা হইল।

অগ্রায়নকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম ও পদবী
তারিখ ও সীলমোহরসহ
(যাহার নিকট রিপোর্ট পাঠাইতে হইবে)

(প্রয়োজনবোধে এই ফরমের কপি ব্যবহার করা যাইতে পারে)

ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী (NFDPL)
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঠা দিয়া পাসপোর্ট
সাইজের ছবি লাগান

পিন অথবা স্ট্যাপলার
ব্যবহার করা যাইবে না

সম্মতি/পরিচিতি/সনাক্তকরণ ফরম

(প্রত্যেক কলাম পূরণ করুন এবং প্রযোজ্য না থাকিলে উল্লেখ করুন)

নমুনা প্রদানকারীর বৃত্তান্তঃ

১. নাম :.....
২. পিতা/স্বামী/অভিভাবকের নাম :.....
৩. মাতার নাম :.....
৪. বয়স :.....
৫. লিঙ্গ :.....
৬. ঠিকানা :.....

৭. গত তিনমাসের মধ্যে রক্ত লইয়াছেন কিনা? : হা না

৮. নমুনা সংগ্রহের তারিখ :.....

মামলার বিবরণঃ

১. মামলা নং :.....
২. সংশ্লিষ্ট আইনের ধারা :.....
৩. থানা/আদালত :.....
৪. নমুনা প্রদানকারীর সহিত মামলার সম্পর্ক : সন্দেহভাজন/অভিযুক্ত/মাতা/শিশু/সন্দেহজনক পিতা

নমুনা প্রদানকারী/অভিভাবকের অঙ্গীকার

আমি..... আমার পূর্ণ সম্মতিতে ডিএনএ পরীক্ষার জন্য শারীরিক নমুনা প্রদান করিতেছি। আমার সম্পর্কে প্রদেয় উপরোক্ত তথ্য সত্য।

নমুনার তথ্যঃ তরল রক্ত মুখ গহ্বরের টিস্যু এফটিএ কার্ড অন্যান্য
বাম
ডান

নমুনা প্রদানকারীর বৃদ্ধাঙ্গুলির টিপসই

স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির টিপসই (নমুনা প্রদানকারী/অভিভাবক)

নমুনা প্রদানকারীর সাথে সম্পর্ক (যদি অভিভাবক কর্তৃক স্বাক্ষর/টিপসই হয়) : পিতা মাতা অন্যান্য
সাক্ষী/আইনজীবী/তদন্তকারী কর্মকর্তা

স্বাক্ষরঃ	স্বাক্ষরঃ
.....
নামঃ	নামঃ
.....
পদবীঃ	পদবীঃ
.....
ঠিকানাঃ	ঠিকানাঃ
.....
তারিখঃ	তারিখঃ
.....

(বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবে ব্যবহারের জন্য)

বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবের নামঃ.....
নমুনা গ্রহণকারীর নামঃ..... স্বাক্ষরঃ.....
সাহায্যকারীর নামঃ.....
এনএফডিপিএল এ প্রেরণের তারিখঃ.....

(এনএফডিপিএল এর ব্যবহারের জন্য)

এনএফডিপিএল নথি নংঃ..... রিপোর্ট নং.....
নমুনা নংঃ..... নমুনা গ্রহণের তারিখঃ.....
নমুনা গ্রহণকারীর নামঃ..... সাহায্যকারীর নামঃ.....
দায়িত্বপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তাঃ.....

ফরম-৩

ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী (NFDPL)
ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঠা দিয়া পাসপোর্ট
সাইজের ছবি লাগান
পিন অথবা স্ট্যাম্পের
ব্যবহার করা যাইবে না

অসম্মতি ফরম

(প্রত্যেক কলাম পূরণ করুন এবং প্রযোজ্য না থাকিলে উল্লেখ করুন)

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির বৃত্তান্তঃ

১. নাম :.....
২. পিতা/স্বামী/ অভিভাবকের নাম :
৩. মাতার নাম :
৪. বয়স : বৎসর মাস দিন
৫. লিঙ্গ :
৬. ঠিকানা : গ্রামঃ..... পোস্টঃ.....
উপজেলা/থানাঃ..... জেলাঃ.....

মামলার বিবরণঃ

১. মামলা নং :.....
২. সংশ্লিষ্ট আইনের ধারা :.....
৩. আদালত/ থানা :.....
৪. নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির সহিত মামলার সম্পর্ক : সন্দেহভাজন/অভিযুক্ত/মাতা/শিশু/ সন্দেহভাজন পিতা

অসম্মতির কারণঃ

.....
.....
.....
.....
.....

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির / অভিভাবকের অঙ্গীকার

আমি..... ডিএনএ পরীক্ষার জন্য শারীরিক নমুনা প্রদান করিতে অসম্মতি জ্ঞাপন
করিতেছি। আমার সম্পর্কে প্রদেয় উপরোক্ত তথ্য সত্য।

বাম
ডান

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির বৃদ্ধাঙ্গুলির টিপসই। স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির টিপসই (নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তি/ অভিভাবক)

নমুনা প্রদান করিতে অনিচ্ছুক ব্যক্তির সহিত সম্পর্ক (যদি অভিভাবক কর্তৃক স্বাক্ষর/ টিপসই হয়) : পিতা মাতা অন্যান্য

ম্যাজিস্ট্রেট/মেডিক্যাল অফিসার/আইনজীবী / তদন্তকারী কর্মকর্তা

স্বাক্ষরঃ..... স্বাক্ষরঃ.....

নামঃ..... নামঃ.....
পদবীঃ..... পদবীঃ.....
ঠিকানাঃ..... ঠিকানাঃ.....
তারিখঃ..... তারিখঃ.....
মোবাইল নম্বরঃ মোবাইল নম্বরঃ

(NFDPL এর ব্যবহারের জন্য)

এনএফডিপিএল নথি নং..... রিপোর্ট নং.....
নমুনা নং..... নমুনা গ্রহণের তারিখঃ.....
নমুনা গ্রহণকারীর নামঃ..... সাহায্যকারীর নামঃ.....
দায়িত্বপ্রাপ্ত বৈজ্ঞানিক কর্মকর্তাঃ.....